

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা

বিষয়: প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রস্তাবিত “এভিয়ান ইনফুয়েঞ্জা রোগ নিয়ন্ত্রণ” শীর্ষক প্রকল্পের যাচাই সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. নাহিদ রশীদ সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	১২/১/২০২৩ তারিখ
স্থান	:	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তা	:	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে সভাপতির অনুত্তিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রাণিসম্পদ পরি:-২) পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রস্তাবিত “এভিয়ান ইনফুয়েঞ্জা রোগ নিয়ন্ত্রণ” শীর্ষক প্রকল্পের বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

২। সভায় অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বলেন, দেশের পোল্ট্রি সেক্টরে ১৫ বছর আগে ইনফুয়েঞ্জা/বার্ড ফ্লু-এর প্রকোপ দেখা দিয়েছিল। ঠিক এই সময়ে আলোচ্য প্রকল্প গ্রহণের উদ্যোগ নেওয়া হয়। বর্তমানে দেশে এই রোগের প্রাদুর্ভাব কম। এই পর্যায়ে “এভিয়ান ইনফুয়েঞ্জা রোগ নিয়ন্ত্রণ”-শীর্ষক প্রকল্প গ্রহণের প্রয়োজনীয়তা আছে কিনা-তা ভেবে দেখা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। এ প্রসঙ্গে প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা) বলেন যে, আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী মূরগির মাংস ও ডিম রপ্তানীর ক্ষেত্রে রোগটির প্রাদুর্ভাব বাংলাদেশের জন্য একটি প্রতিবন্ধক। ২০২১ সালে ঢাকা শহরের লাইভ বার্ড মার্কেটে এফএও কর্তৃক পরিচালিত সিংক সার্ভিসেন্স কার্যক্রমে মোট ১২৭২টি নমুনা পরীক্ষা করা হয়। যেখানে H5 এবং H9 স্ট্রেইনের এভিয়ান ইনফুয়েঞ্জা ভাইরাসের উপস্থিতি যথাক্রমে ৩৮% এবং ৪৬% পাওয়া যায়। এ অবস্থায়, যেহেতু দেশের পোল্ট্রি খামারে এভিয়ান ইনফুয়েঞ্জা (হাই প্যাথোজেনিক এবং লো প্যাথোজেনিক) ভাইরাসের প্রকোপ রয়েছে এবং এর ফলে ডিম ও মাংস উৎপাদন মারাওকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে, তাই প্রকল্পটি গ্রহণ করা যেতে পারে।

৩। সভায় সভাপতি বলেন যে, দেশের বিদ্যমান পরিস্থিতিতে জিওবি অর্থায়নে প্রকল্পটির অর্থায়ন অনুসন্ধান করা সমীচীন হবে না বলে প্রতীয়মান। তাই, বৈদেশিক অর্থায়নের উৎস অনুসন্ধানের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে। সেজন্য প্রস্তাবিত প্রকল্পের একটি নতুন পিডিপিপি প্রণয়ন করা যেতে পারে মর্মে পরামর্শ প্রদান করেন। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ)-বলেন যেহেতু আলোচ্য প্রকল্পের আর্থিক বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে যোগাযোগ করতে হবে সেহেতু, প্রস্তাবিত ডিপিপি’র অন্যান্য বিষয়ে এ পর্যায়ে আলোচনার প্রয়োজন নেই।

অপর পাতা/২

- ৪। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয় :
- ৪.১। আলোচ্য প্রকল্পের আর্থিক বরাদ্দের বিষয়ে বৈদেশিক অর্থায়নের জন্য ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর একটি পিডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।
- ৪.২। প্রকল্পটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় একান্তই যদি বৈদেশিক অর্থায়ন বা অন্য কোন উৎস হতে অর্থ না পাওয়া যায় সেক্ষেত্রে আলোচ্য প্রকল্প প্রক্রিয়াকরণের উদ্যোগ নেওয়া যেতে পারে।
- ৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ১২/১/২০২৩

(ড. নাহিদ রশীদ)

সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

নং- ৩৩.০০.০০০০.১৪.০০৮.২২ (অংশ-১)-৩২

তারিখ: ৯ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
২৩ জানুয়ারী ২০২৩

বিষয়: প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রস্তাবিত “এভিয়ান ইনফ্লুয়েঞ্চা রোগ নিয়ন্ত্রণ” শীর্ষক প্রকল্পের যাচাই সভার কার্যবিবরণী  
প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১২/১/২০২৩ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব  
মহোদয়ের সভাপতিতে প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রস্তাবিত “এভিয়ান ইনফ্লুয়েঞ্চা রোগ নিয়ন্ত্রণ” শীর্ষক প্রকল্পের ওপর যাচাই  
কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে  
এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মোঃ আনোয়ার হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ২২৩৩৮৫৭৭৫

বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্ম গেইট, ঢাকা।
- ২। উপসচিব (বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক (পরিকল্পনা), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্ম গেইট, ঢাকা।
- ৪। ডাঃ রেজাউল হক খান, উপজেলা প্রাণিসম্পদ অফিসার (এল/আর), প্রাণিসম্পদ অর্থনীতি শাখা, প্রাণিসম্পদ  
অধিদপ্তর, ফার্ম গেইট, ঢাকা।

নং- ৩৩.০০.০০০০.১৪.০০৮.২২ (অংশ-১)-৩২(৬)

তারিখ: ৯ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
২৩ জানুয়ারী ২০২৩

সদয় অবগতি ও প্রেয়াজনী কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিটেম এনালিষ্ট (আইসিটি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (পরিকল্পনা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।

(মোঃ আনোয়ার হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ২২৩৩৮৫৭৭৫